



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/সংস্থা/নথি নং-৫৫/ ৩৮

তারিখ : ১৬/০১/২০১৮খ্রিঃ

বিষয় : ১৭ মার্চ, ২০১৮ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০১৮”  
উদযাপন উপলক্ষ্যে কার্যক্রম গ্রহণ।

সূত্র : স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২২.০১০.১৭-৩৩; তারিখ : ১৫ জানুয়ারি ২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১৭ই মার্চ, ২০১৮ তারিখে স্বাধীনতার মহান ছুপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে গত ১০/০১/২০১৮খ্রিঃ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

“দেশব্যাপী সকল জেলা ও উপজেলা সদরে শিশু সমাবেশ, আনন্দ র্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন; বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থাকরণ।”

উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

বর্ণিত অবস্থায়, উপরিলিখিত নির্দেশনার আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসায় আবশ্যিকভাবে উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপক : অধ্যক্ষ/সুপার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা।

নং- বামাশিবো/সংস্থা/নথি নং-৫৫/ ৩৮(৬)

তারিখ : ১৬/০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক/ মাদ্রাসা পরিদর্শক/ প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
(পত্রটি বোর্ডের ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে প্রকাশ ও প্রচার করার জন্য তাঁকে অনুরোধসহ)
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪